দৈনিক সংবাদ

তারিখ ... পৃষ্ঠা ৩ ... কলাম ৬-৭

# শরীয়তপুরে সরকারি অনুমোদনবিহীন বইয়ে বাজার সয়লাব ॥ দাম বেশি

মোবারেকউদ্দিন আহমেদ, শরীয়তপুর থেকে ঃ শরীয়তপুরের হাট-বাজার সরকারি অনুমোদনবিহীন বইয়ে সয়লাব হয়ে গেছে। এসব বইয়ের দাম সরকারি অনুমোদনপ্রাপ্ত বইয়ের চেয়ে ৫/৬ গুণ বেশি। এছাড়া, বইগুলোর নামও অত্যন্ত চমৎকার ও চটকদার। ফলে জেলার মাধ্যমিক পর্যায়ের স্কুলের ছাত্রছাত্রীরা চড়াদামে বইগুলো কিনে নিচ্ছে। অন্যদিকে, স্কুলগুলোর সঙ্গে জড়িত শিক্ষকরাও রহস্যজনকভাবে ছাত্র-ছাত্রীদের বইগুলো কেনার ব্যাপারে পরামর্শ দিচ্ছেন বলে অভিযোগ মিলেছে। শরীয়তপুর জেলার বিভিন্ন বইয়ের দোকানে খোঁজ নিয়ে জানা গেছে, ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণীর ছাত্রছাত্রীদের জন্য ওইসব বইয়ের দোকানে সরকারি অনুমোদনবিহীন নোট ও সাধারণ বই রাখা হয়েছে। জেলার বিভিন্ন উপজেলা শিক্ষক সমিতি রেজুলেশনের মাধ্যমে স্কুলগুলোর জন্য বইগুলো পাঠ্য করেছেন বলে অভিযোগ রয়েছে। বইগুলো পাঠ্য করার জন্য শিক্ষক সমিতিকে সংশ্লিষ্ট বইয়ের প্রকাশকরা বিপুল পরিমাণ টাকা অনুদানও প্রদান করেছেন বলে অভিযোগ মিলেছে। ফলে স্কুলগুলোর শিক্ষকরাও ছাত্রছাত্রীদের উল্লিখিত বইগুলো কেনার ব্যাপারে উৎসাহ যোগাচ্ছেন।

অনুসন্ধানে দেখা গেছে, সরকারি অনুমোদনবিহীন এসব বই এত চড়া দামে বিক্রি হচ্ছে, যা সাধারণ ছাত্রছাত্রীদের ক্রয় ক্ষমতার বাইরে। নিম্নে বেশকিছু বইয়ের নাম ও দাম তুলে ধরা হলো। ৬ষ্ঠ শ্রেণীর মর্ডার্ন কমিউনিকেটিভ, ফাংশনাল ইংলিশ ১শ' ১০ টাকা, ৭ম শ্রেণীর ইন্টারনেট কিশোর বাংলা ব্যাকরণ ও রচনা ১শ' ৪০ টাকা, সুপার কমিউনিকেটিভ ইংলিশ ইন ইউজ ১শ' ৫০ টাকা, আমাদের ব্যাকরণ ও রচনা ১শ' ৩০ টাকা, ৮ম শ্রেণীর ফেভারিট কমিউনিকেটিভ ইংলিশ প্রাকটিস ১শ' ৫৮ টাকা, সুপার কমিউনিকেটিভ ইংলিশ গ্রামার ১শ' ৪০ টাকা, ৯ম শ্রেণীর এ নিউ কোর্স অন কমিউনিকেটিভ ইংলিশ ল্যাংগুয়েজ ১শ' ৮০ টাকা এবং ব্যবহারিক ভাষা বিচিত্রা দাম ১শ' ৮০ টাকা। অথচ উল্লিখিত বইগুলো সরকার অনুমোদিত হলে ফরমা হিসেবে প্রতিটির দাম হতো বড়জোর ৩০ থেকে ৪০ টাকার মধ্যে। উল্লিখিত বইগুলোর কি করে চড়া দাম নির্ধারণ করা হলো এবং কি করেই বা বাজারজাত করা হচ্ছে তা খতিয়ে দেখা প্রয়োজন।